# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 19 May, 2025

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে তিনদিনব্যাপী ‘ট্রেনিং অন ই-জিপি’ শীর্ষক প্রশিক্ষণ শুরু হয়েছে।

সোমবার (১৯ মে) সকালে বিশ্ববিদ্যালয়ের ই-রিসোর্স সেন্টারে প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল বলেন, সবকিছুতে পরিবর্তন চলছে। পরিবর্তনের সাথে এগিয়ে যাওয়ার জন্য প্রশিক্ষণ খুবই কার্যকর পদ্ধতি। প্রশিক্ষণে প্রাপ্ত জ্ঞান পেশাগত কাজে লাগিয়ে প্রতিষ্ঠানকে এগিয়ে নিতে হবে, সেবা দিতে হবে। বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্মীদের দক্ষ করার সকল চেষ্টা চালিয়ে যাচ্ছে। সকলের সহযোগিতা পেলে কাজে গতি আসবে, বিশ্ববিদ্যালয় দাঁড়িয়ে যাবে।

তিনি আরও বলেন, জনগণের ট্যাক্সের টাকায় দেশ চলে, সরকার চলে। এই টাকার সঠিক ব্যবহার শিখতে হবে।প্রশিক্ষার্থীরা ই-জিপি বিষয়ে জ্ঞান আহরণ করে পেশাগত কাজে লাগালে বিশ্ববিদ্যালয় উপকৃত হবে।

উপ উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, প্রশিক্ষণ প্রাপ্ত জ্ঞান চর্চা না করলে প্রশিক্ষণের কোন কার্যকারিতা থাকবে না। কেবল সনদপ্রাপ্তি হবে। প্রশিক্ষণের জ্ঞান

বিশ্ববিদ্যালয়ের কাজে লাগাতে হবে।প্রশিক্ষণ নিয়মিত প্রক্রিয়া,এটাকে যথাযথভাবে অনুসরণ করে এগিয়ে যেতে হবে।

পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের অতিরিক্ত পরিচালক এস এম গোলজার হোসেনের সভাপতিত্বে আরও বক্তব্য দেন, প্রশিক্ষণের প্রশিক্ষক খুলনা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের প্রোগামার প্রকৌশলী শহিদুল হক পলাশ।

উদ্বোধনী অনুষ্ঠান সঞ্চালনা করেন সহকারী রেজিস্ট্রার আব্দুল্লাহ আল মামুন।বিভিন্ন দপ্তরের ২৪ জন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করছেন।তিনদিনের প্রশিক্ষণ শেষ হবে আগামী বুধবার।

প্রশিক্ষণ কর্মশালা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:59

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/2701409336